



আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
জনপ্রশাসন মন্ত্রণালয়
১০, এস. এস. খালেদ রোড, চট্টগ্রাম-৪০০০
<http://patc.chittagongdiv.gov.bd>
প্রশিক্ষণ শাখা

স্মারক নম্বর: ০৫.০১.১৫৪১.০৬২.২৫.০২৩.২৪.৬২

তারিখ: ২২ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: Office Management and ICT Course (Grade: 10-12) এবং Fundamental Training Course (Grade: 17-20) এ প্রশিক্ষার্থী মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক প্রণীত প্রশিক্ষণ কর্মসূচি ২০২৪-২০২৫ অনুযায়ী চট্টগ্রাম ও সিলেট বিভাগাধীন কর্মচারীদের জন্য Office Management and ICT Course (Grade: 10-12) এবং Fundamental Training Course (Grade: 17-20) শীর্ষক প্রশিক্ষণ কোর্স নিম্নোক্ত তারিখ ও মেয়াদে এ কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

ক্র: নং	নাম ও তারিখ:	যোগ্য পদ
১.	Office Management and ICT Course (01 December, 2024 - 12 December, 2024)	Grade: 10-12
২.	Fundamental Training Course(29 December, 2024 - 09 January, 2025)	Grade: 17-20

২। কেন্দ্রের অনুযায়ী সদস্যবৃন্দের পাশাপাশি দক্ষ ও অভিজ্ঞ অতিথি বক্তাগণ প্রশিক্ষক হিসেবে উক্ত প্রশিক্ষণে দায়িত্ব পালন করবেন।

৩। মনোনয়ন প্রদানের ক্ষেত্রে প্রশিক্ষণের কার্যকারিতা ও প্রায়োগিক দিক বিবেচনায় রেখে অপেক্ষাকৃত নবীন কর্মচারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। মনোনয়ন পত্রে মনোনয়ন প্রদানকারী কর্মচারীর টেলিফোন, ফ্যাক্স নম্বর ও ই-মেইল আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

৪। মনোনীত প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ শুরু হওয়ার দিন মনোনয়নের কপি, অবমুক্তির আদেশ এবং পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি রঙিন ছবিসহ সকাল ০৯:০০ টায় আঞ্চলিক লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম আসকার দীঘির পশ্চিম পাড়, ১০, এস. এস. খালেদ রোড, চট্টগ্রাম-৪০০০-এ রিপোর্ট করতে হবে। কোর্স শুরুর নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন প্রশিক্ষার্থীর যোগদান পত্র গ্রহণ করা হবে না।

৫। প্রশিক্ষার্থীগণের আবাসন ব্যবস্থা হিসেবে কেন্দ্রের নিজস্ব আসবাব-সজ্জিত ডরমিটরী রয়েছে। এতে প্রশিক্ষার্থীগণ বিনা ভাড়াই অবস্থান করতে পারবেন।

৬। প্রশিক্ষার্থীগণকে এ কেন্দ্র থেকে সরকার কর্তৃক প্রবর্তিত হারে প্রশিক্ষণ ভাতা প্রদানের ব্যবস্থা রয়েছে।

৭। মহিলা প্রশিক্ষার্থীদের জন্য পৃথক আবাসন সুবিধা রয়েছে। তবে শিশুসন্তান ও গৃহপরিচারিকাসহ ক্যাম্পাসে থাকার সুযোগ নেই।

৮। এমতাবস্থায়, উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্ত মহোদয়ের নিয়ন্ত্রণাধীন চট্টগ্রাম ও সিলেট বিভাগের দপ্তরসমূহ হতে ০২(দুই) জন কর্মচারীর (পুরুষ/মহিলা) মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

০৯। আগ্রহী দপ্তরসমূহকে তাঁদের প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত কর্মচারীদের নামের তালিকা বা প্রশিক্ষার্থী কর্তৃক নিজ দপ্তর হতে মনোনয়ন প্রাপ্তির চিঠি নিম্নপ্রদত্ত ই-মেইল যোগে আরপিএটিসি, চট্টগ্রামে কোর্স শুরুর দু'দিন পূর্বেই আবশ্যিকভাবে ই-নথি/ই-মেইলে প্রেরণ করতে হবে অথবা অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। অন্যথায় কোর্সে অংশগ্রহণ করা যাবে না।

ই-মেইল- ddrpatcctg@gmail.com

যোগাযোগ: ০১৭৫১-৯০৬০৮৫ (প্রশিক্ষণ সহকারী)।

১০। মনোনয়ন প্রাপ্ত প্রশিক্ষার্থীগণকে নিম্নোক্ত ওয়েব লিংকে প্রবেশপূর্বক অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

Link: http://erp.bpatc.org.bd/bpatc_registration/rpatc_add_new.php অনলাইন রেজিস্ট্রেশন বিষয়ক যেকোন প্রয়োজনে জনাব রাখেশ শর্মা,

কম্পিউটার অপারেটর (মোবাইল নং-০১৩১৬-৫৩১৫০৮) এর সাথে যোগাযোগ করা যাবে।

০৭-১১-২০২৪

মনোয়ারা বেগম

উপপরিচালক

০২৩৩৩৩৫৯৬৯১ (ফোন)

ddrpatcctg@gmail.com

প্রশিক্ষার্থী মনোনয়নের জন্য পত্র প্রাপক।

